গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা
রাজশাহী বিভাগ, রাজশাহী।

স্মারক নং-৩৮.৫০.০০০০.০০০.৬৬.১৯৩.২১- ১৬৪৫/৫০ তারিখ ঃ ১১/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।
মূলপত্রের নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। সুপারিনটেনডেন্ট পিটিআই, রাজশাহী/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/দাদানচক ফজলুল হক/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/ সোনাতলা/জয়পুরহাট।
মূলপত্রের নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০৪(চার) পাতা।

১১/১১/২১
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা
রাজশাহী বিভাগ,রাজশাহী।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
০২। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী(নেপ), ময়মনসিংহ।
০৩। অফিস কপি।

ডকেট নংঃ ৮৯৬
তারিখঃ ১০/১১/২১
সঃ পঃ/সিঃ
পি,এ/
নথিভুক্ত করুন
রাজশাহী বিভাগ, রাজশাহী

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ।
www.nape.gov.bd

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০৫৮.২০১০-৯৩

তারিখ: ২২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
০৭ নভেম্বর, ২০২১ খ্রি:

**বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশন প্রসঙ্গে।**

**সূত্র:** প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৫.২১.৭৯, তারিখ: ২৫ অক্টোবর, ২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ডিপিএড পরিচালনা নীতিমালা-২০১৯, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ১৫/০৬/২০০৬ তারিখে স্বাক্ষরিত ভর্তি/ডেপুটেশন নীতিমালা এবং সি-ইন-এড বোর্ডের ২৩/১০/২০০৬ খ্রি: তারিখের সি-ইন-এড বোর্ড/পরী(৪)/০৬/ভর্তি-১০/৪৯৯২(১১৯) নং স্মারকে জারীকৃত ভর্তি নীতিমালা অনুসরণপূর্বক জানুয়ারি, ২০২২- জুন, ২০২৩ শিক্ষাবর্ষে ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশন সম্পন্ন করার নিমিত্তে **৩০ নভেম্বর, ২০২১** তারিখের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডেপুটেশন প্রদান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

২. যে সকল পিটিআই এর ক্যাচমেন্ট এরিয়া একাধিক জেলায় অবস্থিত সে সকল পিটিআই এর ডিপিএড কোর্সে শিক্ষক ডেপুটেশনের জন্য বিভাগীয় উপপরিচালকগণ সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণের সাথে আলোচনা করে ১৫ নভেম্বর, ২০২১ খ্রি: তারিখের মধ্যে জেলাভিত্তিক কোটা নির্ধারণ করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ২২ নভেম্বর, ২০২১ খ্রি: তারিখের মধ্যে তার জেলার উপজেলাভিত্তিক কোটা নির্ধারণ করে পত্র মারফত সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারগণকে অবহিত করবেন। উপজেলা শিক্ষা অফিসারগণ **৩০ নভেম্বর, ২০২১** খ্রি: তারিখের মধ্যে নীতিমালা অনুসরণপূর্বক ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশনের লক্ষ্যে জন্য প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণবিহীন শিক্ষকগণকে **১ম** এবং **২য়** শিফট (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করে ডেপুটেশন আদেশ প্রদান করবেন। উক্ত আদেশের অনুলিপি মহাপরিচালক ও চেয়ারম্যান, ডিপিএড বোর্ড, নেপ, পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা, সংশ্লিষ্ট বিভাগ এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন।

৩. কোন উপজেলায় কোটা পূরণের জন্য প্রয়োজ নীয় সংখ্যক শিক্ষক পাওয়া না গেলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার তাৎক্ষণিকভাবে বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করবেন এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তার জেলাধীন অন্য উপজেলা থেকে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ডেপুটেশনের জন্য কোটা পুন:নির্ধারণ করবেন। কোন জেলায় অবস্থিত পিটিআই/পিটিআইসমূহে নির্ধারিত আসন অনুযায়ী প্রশিক্ষণার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট পিটিআই সুপারিনটেনডেন্ট সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের সাথে আলোচনা করে নির্ধারিত কোটা পূরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪. **ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশনের জন্য মনোনয়নপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এইচ.এস.সি পাশ।**

৫. ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষকগণকে **০১-২০ ডিসেম্বর, ২০২১** খ্রি: তারিখের মধ্যে অনলাইনে ফরম পূরণ করে সংশ্লিষ্ট পিটিআইতে রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন। নেপ ওয়েবসাইটের হোম পেজ এ www.nape.gov.bd **'ডিপিএড' মেনুতে ক্লিক করলে কয়েকটি সাবমেনু পাওয়া যাবে অত:পর 'ডিপিএড রেজিস্ট্রেশন'** (DPEd Admission and Registration) **সাবমেনুতে ক্লিক করলে রেজিস্ট্রেশন ফরম দৃশ্যমান হবে। উল্লেখ্য যে, ০১-২০ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখের পূর্বে বা পরে রেজিস্ট্রেশন ফরম দৃশ্যমান হবে না।**

৬. **সূত্রোক্ত স্মারকে উল্লেখিত দেশের ৬৭ টি পিটিআই-এ ডিপিএড কার্যক্রমের জন্য প্রশিক্ষণার্থী রেজিস্ট্রেশনের নির্ধারিত আসন সংখ্যা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।**

৭. অনলাইনে রেজিস্ট্রেশনের সময় ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষকগণ শিফট (1st Shift/ 2nd Shift) উল্লেখ করতে যেন ভুল না করেন সে ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হবে ।

৮. ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশনের জন্য মনোনয়নপ্রাপ্ত প্রত্যেক শিক্ষক নিজ নিজ নির্ধারিত ক্যাচমেন্ট এরিয়ার (তালিকা সংযুক্ত) পিটিআই-এ নেপ এর ওয়েবসাইট www.nape.gov.bd এর মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন।

৯. ডেপুটেশনপ্রাপ্ত প্রত্যেক শিক্ষক অনলাইনে রেজিস্ট্রেশনের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সন্নিবেশনের পর পিটিআইতে উপস্থিত হয়ে পিটিআই এর বিভিন্ন কার্যক্রম, রেজিস্ট্রেশন কার্যক্রম ও অনলাইন ফি বাবদ সর্বমোট ২০০০/- (দুই হাজার) টাকা সংশ্লিষ্ট পিটিআই-এ জমা দিবেন এবং পিটিআই হতে টাকা জমা দেয়ার রশিদ গ্রহণপূর্বক রেজিস্ট্রেশন নিশ্চিত করবেন।

১০. **অনলাইন আবেদন ফরমে উপজেলা শিক্ষা অফিসার প্রদত্ত ডেপুটেশন আদেশের তথ্য দিয়ে অর্থাৎ ডেপুটেশন আদেশে যে পিটিআই এবং শিফটের জন্য ডেপুটেশন প্রদান করা হয়েছে সেই পিটিআই এর নাম এবং শিফট, জেলা, উপজেলা, পদবী ইত্যাদি তথ্য দিয়ে যথাযথভাবে পূরণ করতে হবে।**

১১. ফরমের ২য় অংশটি আবেদনকারীর ব্যক্তিগত তথ্য (নির্ভুল তথ্য) দিয়ে যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনকারীর একটি পাসপোর্ট সাইজের ছবি ফরমের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ফরমের সাথে একটি ব্যবহার বিধি (User Guide) যুক্ত থাকবে। **নামের বানান ও জন্ম তারিখের ক্ষেত্রে এস.এস.সি পাশের সনদ অনুসরণ করতে হবে।**

১২. অনলাইনে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার নেপ, ময়মনসিংহ (মোবাইল নম্বর: ০১৭১৮ ২৯ ৭১ ২১) এবং জনাব সামির আসিফ শুভ, মোবাইল নম্বর ০১৬৮৫৯৫৬৮৯৮ এর সাথে (সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যেতে পারে। প্রয়োজনে ই-মেইল prognape21@gmail.com এ সমস্যা উল্লেখ করে প্রেরণ করতে পরবেন।

১৩. প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য নিয়োগকৃত সহকারী শিক্ষকদের ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশনের জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে ডেপুটেশন প্রদান করা যাবে।

১৪. শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণবিহীন শিক্ষকদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে ডিপিএড কোর্সে রেজিস্ট্রেশনের জন্য ডেপুটেশন প্রদান করা যাবে।

**১৫. চা বাগান, শ্রমিক শিক্ষা ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত প্রশিক্ষণবিহীন ন্যূনতম এইচ.এস.সি পাশ শিক্ষকগণ মৌলভীবাজার পিটিআই-এ সংরক্ষিত ০৫টি আসনের বিপরীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে রেজিস্ট্রেশন করতে পারবেন।**

১৬. কোন পিটিআইতে নির্ধারিত কোটা পুরণ না হলে পিটিআই সুপারিনটেনডেন্ট সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালককে অবহিত করে তাঁর নির্দেশনা অনুযায়ী পার্শ্ববর্তী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে যোগাযোগপূর্বক শূন্য আসন পূরণের ব্যবস্থা নিবেন।

১৭. নির্ধারিত ক্যাচমেন্ট এরিয়া অনুযায়ী শিক্ষকগণ ডেপুটেশন প্রাপ্ত পিটিআই-এ রেজিস্ট্রেশন করবেন এবং আন্তঃপিটিআই বদলীর কোন সুযোগ/বিধান (Provision) থাকবেনা।

**১৮. আন্তঃপিটিআই বদলীর কোন সুযোগ/বিধান না থাকায় প্রশিক্ষণার্থীগণকে ভর্তিকৃত পিটিআই-এ ১বছর (১ম-৩য় টার্ম) এবং নিজ বিদ্যালয়ে ৬ মাস ইন্টার্নশীপ (৪র্থ টার্ম) সম্পন্ন করতে হবে।**

১৯. আগামী ০১ জানুয়ারি ২০২২ খ্রি: তারিখ হতে ডিপিএড প্রশিক্ষণের ক্লাশ শুরু হবে।

২০. রেজিস্ট্রেশনকৃত শিক্ষকগণ ক্লাস শুরু না হওয়া পর্যন্ত স্ব স্ব বিদ্যালয়ে কর্মরত থাকবেন।

**সংযুক্তি:** বর্ণনামতে.................... পাতা।

০৭/১১/২০২১

মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ০৯১-৬৬৩০৫

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
..........................................................জেলা।

সুপারিনটেনডেন্ট (সকল)
.................................................. পিটিআই।

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০৫৮.২০১০-

তারিখ: ২২ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ / ০৭ নভেম্বর, ২০২১ খ্রি:

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (কোটা পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপপরিচালক (প্রশিক্ষণ/পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৮. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ ময়মনসিংহ বিভাগ (আসন সংখ্যা অনুযায়ী পিটিআইসমূহে রেজিস্ট্রেশন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৯. সহকারী পরিচালক (পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
১০. প্রোগ্রামার, নেপ, ময়মনসিংহ।
১১. উপজেলা/থানা শিক্ষা অফিসার, .................. উপজেলা/থানা.......................... জেলা।
১২. সিইও, ক্রিয়েটিভ টেকনোলজি, ঢাকা।
১৩. সংরক্ষণ নথি।

০৭/১১/২০২১

মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

E:\Mostofa\Admission Circular\2022-2023\Notice.docx

বাংলাদেশ সি-ইন-এড বোর্ড
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী
ময়মনসিংহ

স্মারক নং- সি-ইন-এড বোর্ড/পরি (৪)/০৬/ভর্তি-১০/ ৪৯৭২(৫১৯) তারিখ ঃ ২৫/১১/০৬

**বিষয় ঃ বাংলাদেশ সি-ইন-এড বোর্ডের অধীনে পিটিআইসমূহে সি-ইন-এড কোর্সে অনুসরণীয় ভর্তি নীতিমালা।**

(ক) প্রতি শিক্ষাবর্ষে সরকারী পিটিআইসমূহে সি-ইন-এড কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তির লক্ষ্যে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো ঃ-

১. সকল সরকারী, রেজিঃ বেসরকারী ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়, সরকারী ট্রাস্ট, চা-বাগান শ্রমিক শিক্ষা ট্রাস্ট কর্তৃক পরিচালিত এবং শিশু কল্যান প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত প্রশিক্ষণবিহীন শিক্ষক/শিক্ষিকাগণ **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ডেপুটেশন নীতিমালার আলোকে** পিটিআইসমূহে সি-ইন-এড কোর্সে ভর্তির সুযোগ পাবেন।

২. জুলাই-জুন পর্যন্ত ১ম শিফটে এবং জানুয়ারি-ডিসেম্বর ২য় শিফটে ভর্তির জন্য প্রতি পিটিআইতে সাধারণভাবে ২০০ (দুইশত) টি আসন নির্ধারিত থাকবে। তবে রাঙ্গামাটি পিটিআইতে ১২০ (একশত বিশ) টি এবং দাদনচক পিটিআইতে ১০০ (একশত) টি আসন নির্ধারিত থাকবে।

৩. প্রতি শিক্ষাবর্ষে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ বিভাজনকৃত কোটা বন্টন সংক্রান্ত পত্র ১ম শিফটের জন্য ১৫ মে এবং ২য় শিফটের জন্য ১৫ নভেম্বর তারিখের মধ্যে সংশ্লিষ্ট পিটিআই এর সুপার ও উপজেলা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন।

৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক বিভাজনকৃত কোটা অনুযায়ী প্রত্যেক পিটিআই এর ক্যাচমেন্ট এলাকাভুক্ত উপজেলা শিক্ষা অফিসারগণ নিজ নিজ উপজেলার প্রশিক্ষণবিহীন শিক্ষকগণকে ডেপুটেশন প্রদান করবেন এবং উক্ত ডেপুটেশন আদেশের অনুলিপি বাংলাদেশ সি-ইন-এড বোর্ড, পিটিআই এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করবেন।

৫. উপজেলা শিক্ষা অফিসারগণ ১ম শিফটের (জুলাই-জুন) জন্য ২৫ মে এবং ২য় শিফটের (জানুয়ারি-ডিসেম্বর) জন্য ২৫ নভেম্বরের মধ্যে ডেপুটেশন প্রদান করবেন।

৬. ডেপুটেশনপ্রাপ্ত ১ম শিফটের (জুলাই-জুন) প্রশিক্ষণার্থীগণ ১০ জুন এবং ২য় শিফটের (জানুয়ারি-ডিসেম্বর) প্রশিক্ষণার্থীগণ ১০ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট পিটিআইতে ভর্তি হবেন।

৭. কোন পিটিআইতে প্রশিক্ষণার্থীর নির্ধারিত কোটা পূরণ না হলে পিটিআই সুপার অবিলম্বে বিভাগীয় উপ-পরিচালককে অবহিত করবেন এবং তার নিদের্শনা অনুযায়ী পার্শ্ববর্তী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণের সঙ্গে যোগাযোগ পূর্বক শূন্য আসন পূরণের ব্যবস্থা নিবেন। অনুরূপভাবে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বিভাগীয় উপ-পরিচালকের নিদের্শনা অনুযায়ী তার জেলার অতিরিক্ত ভর্তিযোগ্য প্রশিক্ষণার্থীদের পার্শ্ববর্তী জেলার পিটিআই সুপারের সংগে যোগাযোগ পূর্বক সেখানে ডেপুটেশন প্রদানের ব্যবস্থা নিবেন।

৮. বিভাগীয় উপ-পরিচালকগণ তাদের আওতাধীন কোন পিটিআইতে কোটা পূরণ না হলে তা পূরণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৯. উপরোক্ত মোতাবেক পুনরায় ডেপুটেশন প্রদত্ত ১ম শিফটের প্রশিক্ষণার্থীগণ ২৬ জুনের মধ্যে এবং ২য় শিফটের প্রশিক্ষণার্থীগণ ২৬ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট পিটিআইতে ভর্তি হবেন।

১০. ভর্তির সময় সকল পরীক্ষার (বোর্ড/বিশ্ববিদ্যালয়ের) মূল সনদপত্র পিটিআইতে প্রদর্শন পূর্বক ফটোকপি জমা দিতে হবে।

১১. পিটিআইতে ভর্তি আরম্ভ হওয়ার পূর্বে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীর ২৩/৫/২০০৫ তারিখের নেপ/সি-ইন-এড বোর্ড/১২৯/১৪৭৫(৫৫) নং স্মারক মূলে জারীকৃত ভর্তির জন্য বিভিন্ন খাতে আদায়যোগ্য ৫৯০/- (পাঁচশত নব্বই) টাকা ফিসের একটি তালিকা সুপার নোটিশ বোর্ডে ঝুলিয়ে দিবেন এবং ভর্তির সময়ে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে উক্ত ফিস আদায়ের ছাপানো রশিদ প্রদান করবেন।

১২. ভর্তিকৃত প্রশিক্ষণার্থীগণ ক্লাশ শুরু না হওয়া পর্যন্ত স্ব-স্ব বিদ্যালয়ে কর্মরত থাকবেন। ১ম শিফটের প্রশিক্ষণার্থীগণের ক্লাস ১ জুলাই এবং ২য় শিফটের প্রশিক্ষণার্থীগণের ক্লাস ১ জানুয়ারি থেকে শুরু হলে প্রশিক্ষণার্থীগণ ক্লাসে যোগদান করবেন।

১৩. যে সকল প্রশিক্ষণার্থীর এক পিটিআই থেকে অন্য পিটিআইতে বদলীর প্রয়োজন হবে তারা নিজ নিজ পিটিআই সুপারের মাধ্যমে যুক্তিসংগত কারণ উল্লেখ পূর্বক সাদা কাগজে আবেদন করবেন। সুপার উক্ত বদলীর আবেদনপত্র ১ম শিফটের জন্য ১০ জুলাই এবং ২য় শিফটের জন্য ১০ জানুয়ারির মধ্যে সি-ইন-এড বোর্ডে প্রেরণ করবেন। বোর্ড বদলী আবেদন বিবেচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সুপার একই সংগে তার পিটিআইতে মোট ভর্তিকৃত প্রশিক্ষণার্থী সংখ্যা ও শূন্য আসনের সংখ্যা বোর্ডে প্রেরণ বরবেন।

১৪. ছুটির ক্ষেত্রে সরকারী বিধি বিধান অনুসরণ করতে হবে। কোন প্রশিক্ষণার্থী বিনা অনুমতিতে যেন অনুপস্থিত না থাকেন তা নিশ্চিত করতে হবে। একাধারে ১৫ (পনের) দিন কোন প্রশিক্ষণার্থী পিটিআইতে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। এছাড়া সমগ্র প্রশিক্ষণ সময় ব্যাপী নৈমিত্তিক ছুটিসহ ৪০ (চল্লিশ) দিনের বেশি অনুপস্থিত থাকলেও তার ভর্তি বাতিল করতে হবে। এসব ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট ভর্তি বাতিলপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

(খ) প্রতি শিক্ষাবর্ষে বেসরকারী পিটিআই সমূহ তাদের জন্য প্রযোজ্য ক্ষেত্রে এই নীতিমালা অনুসরণ করবেঃ-

১. যথাসময়ে ছাত্র ভর্তি ও ক্লাস শুরুর ব্যবস্থা গ্রহণ করবে।

২. কোর্স পরিচালনার ক্ষেত্রে সি-ইন-এড বোর্ডের নির্দেশনা ও সময়সূচী অনুসরণ করবে।

৩. ভর্তি, রেজিস্ট্রেশন, একাডেমিক কার্যক্রম, পরীক্ষা প্রভৃতি কার্যক্রমে বোর্ডের নীতিমালার সঙ্গে অভিন্নতা রক্ষা করবে।

পুনরাদেশ না দেয়া পর্যন্ত এই নীতিমালা বহাল থাকবে।

(ম.আ.কাশেম মাসুদ)
চেয়ারম্যান
বাংলাদেশ সি-ইন-এড বোর্ড
ও
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী
ময়মনসিংহ।

[illegible] (১) সুপারিনটেডেন্ট (সকল)
..............................পি,টি,আই
(২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
.................................. জেলা

[illegible]/ ৪৯৯২(১১৯)/৯ তারিখঃ ২৮/১০/০৫

[illegible] কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

[illegible] মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[illegible], বাংলাদেশ, ঢাকা।
[illegible] ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/বিভাগ।
[illegible] প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
[illegible]

(ম.আ.কাশেম মাসুদ)
চেয়ারম্যান
বাংলাদেশ সি-ইন-এড বোর্ড
ও
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী
ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

বিষয়: <u>সি-ইন-এড প্রশিক্ষণ কোর্সে ভর্তি/ডেপুটেশন নীতিমালা।</u>

১। সকল সরকারি, রেজিঃ বেসরকারি, কমিউনিটি, সরকারি ট্রাস্ট, চা বাগান শ্রমিক শিক্ষা ট্রাস্ট কর্তৃক পরিচালিত এবং শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত প্রশিক্ষণবিহীন অনূর্ধ ৫০ বছর বয়সের শিক্ষকশিক্ষিকাগণ পিটিআইতে সি-ইন-এড কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পাবেন।

২। ভর্তির জন্য প্রতি পিটিআইতে সাধারণভাবে ২০০টি আসন নির্ধারিত আছে। তন্মধ্যে ১৫০টি সরকারি এবং ৫০টি বেসরকারি শিক্ষকগণের জন্য নির্ধারিত থাকবে। সরকারি শিক্ষকগণের ১৫০টি আসন পূর্ণ হওয়ার পর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য নির্ধারিত কোন আসন খালি থাকলে সরকারি বিদ্যালয়ের শিক্ষক দ্বারা পূরণ করা যাবে।

৩। প্রতি বছর ১৫ নভেম্বরের মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ স্ব স্ব জেলায় কর্মরত সরকারি বেসরকারি শিক্ষকগণের জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন করবেন এবং উক্ত তালিকা স্ব স্ব বিভাগীয় উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করবেন।

৪। প্রত্যেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নিজ নিজ জেলার প্রশিক্ষণবিহীন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণের সংখ্যানুপাতে উপজেলা ও পিটিআই ভিত্তিক কোটা বন্টন করবেন এবং উক্ত পত্র সংশ্লিষ্ট উপজেলা ও পিটিআইয়ে ১৫ মে (জুলাই-জুন সেশন) ১৫ নভেম্বর (জানুয়ারি-ডিসেম্বর সেশন) এর মধ্যে প্রেরণ করবেন। উক্ত আদেশের অনুলিপি মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মহাপরিচালক নেপ এবং বিভাগীয় উপপরিচালকের কার্যালয়ে একই তারিখের মধ্যে প্রেরণ করা হবে। যে উপজেলায় প্রশিক্ষণ বিহীন শিক্ষকের সংখ্যা বেশি সেখানকার কোটা বেশি করা যাবে।

৫। উপজেলা শিক্ষা অফিসারগণ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত কোটা অনুসারে জ্যেষ্ঠতার ভিত্তিতে সি-ইন-এড প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণবিহীন শিক্ষক মনোনয়ন করবেন এবং ঐ শিক্ষকগণের নামের তালিকা সম্বলিত ডেপুটেশন আদেশ সংশ্লিষ্ট পিটিআই সুপারের নিকট ২৫ মে(জুলাই-জুন সেশন) এবং ২৫ নভেম্বর (জানুয়ারি - ডিসেম্বর সেশন) তারিখের মধ্যে প্রেরণ করবেন।

৬। সি-ইন-এড প্রশিক্ষণে শিক্ষক মনোনয়নের ক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিসারগণ জ্যেষ্ঠতা তালিকা কঠোরভাবে অনুসরণ করবেন। কোন বিদ্যালয়ে ১(এক) জন শিক্ষক থাকলেও জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনীত হলে ঐ শিক্ষককে সি-ইন-এড কোর্সে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ঐ শিক্ষকের শূণ্য পদে পার্শ্ববর্তী কোন বিদ্যালয় থেকে বিকল্প কোন শিক্ষককে ১(এক) বছরের জন্য এটাচমেন্ট দিতে হবে।

৭। উপজেলা শিক্ষা অফিসারগণ নিজ নিজ উপজেলার সি-ইন-এড প্রশিক্ষণের জন্য মনোনীত শিক্ষকগণকে সংশ্লিষ্ট পিটিআইয়ে (নির্ধারিত ক্যাচমেন্ট এলাকার) জ্যেষ্ঠতা অনুসারে ডেপুটেশন প্রদান করবেন। প্রশিক্ষণের জন্য পিটিআইগুলোতে ভর্তিকৃত শিক্ষক শিক্ষিকাগণকে ১ জুলাই (জুলাই-জুন সেশনে), ১ জানুয়ারি (জানুয়ারি-ডিসেম্বর সেশনে) তারিখ হতে ডেপুটেশন প্রদান করতে হবে।

৮। পিটিআই সুপার যোগাযোগের মাধ্যমে ডিপিইও কর্তৃক কোটা বন্টন এবং ইউইও কর্তৃক ভর্তির জন্য প্রশিক্ষণ বিহীন মনোনীত শিক্ষক শিক্ষিকার নামের তালিকা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করবেন।

৯। ভর্তির সময় শিক্ষকগণকে সকল পরীক্ষার (বোর্ড /বিশ্ববিদ্যালয়) মূল সনদপত্র অবশ্যই প্রদর্শন করে ফটোকপি জমা দিতে হবে।

১০। সন্তান সম্ভবা কোন শিক্ষিকাকে প্রশিক্ষণের জন্য মনোনয়ন দেয়া যাবে না। এ বিষয়ে তথ্য গোপন করে কোন শিক্ষিকা সি-ইন-এড কোর্সে ভর্তি হলে তা অসদাচরণ বলে বিবেচিত হবে। এক্ষেত্রে যে সময়কাল পর তার ভর্তি বাতিল করা হবে পরবর্তী সেশনে সি-ইন-এড কোর্সে ভর্তি হলে পূর্বে উল্লিখিত সময়কাল তিনি বিনা বেতনে প্রশিক্ষণ গ্রহণ করবেন। এছাড়া রোগাক্রান্ত (প্রশিক্ষণ গ্রহণে অক্ষম) কোন শিক্ষক-শিক্ষিকাকে প্রশিক্ষণের জন্য মনোনয়ন ও ডেপুটেশন প্রদান পরিহার করতে হবে।

১১। সি-ইন-এড কোর্সে ভর্তিকৃত প্রশিক্ষণার্থীগণের আন্ত: পিটিআই বদলি সংক্রান্ত কার্যক্রম সি-ইন-এড পরীক্ষা পরিচালনা উপবিধি অনুযায়ী চেয়ারম্যান বাংলাদেশ সি-ইন-এড বোর্ড কর্তৃক গৃহীত হবে।

১২। সি-ইন-এড পরীক্ষা পরিচালনা উপবিধির ১০.২৯ অনুচ্ছেদ অনুযায়ী কোন প্রশিক্ষণার্থী নিরবিচ্ছিন্নভাবে ১৫(পনের) দিন প্রশিক্ষণ কার্যক্রমে অনুপস্থিত থাকলে স্বয়ংক্রিয় ভাবে তার ভর্তি বাতিল বলে গন্য হবে। তাছাড়া সমগ্র প্রশিক্ষণকালে কোন প্রশিক্ষণার্থী নৈমিত্তিক ছুটিসহ ৪০(চল্লিশ) দিনের অধিক প্রশিক্ষণ কার্যক্রমে অনুপস্থিত থাকলে উপরোক্ত নিয়মে তাঁর ভর্তি বাতিল হবে। এ সব ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট ভর্তি বাতিল করে সংশ্লিষ্ট শিক্ষক, ইউইও, ডিপিইও, বিভাগীয় উপপরিচালক, মহাপরিচালক নেপ এবং মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অবহিত করবেন।

১৩। কোন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণকালে অযোগ্য বা অক্ষম হলে সেক্ষেত্রে তার ভর্তি বাতিল হবে। এ ক্ষেত্রে ঐ সময়ের জন্য বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর হবে। উক্ত প্রশিক্ষণকালে বিনা অনুমতিতে কোন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ ত্যাগ করলে তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে।

১৪। ভর্তি আরম্ভ হওয়ার পূর্বে সুপার সি-ইন-এড কোর্সের ভর্তি ফিসের (সি-ইন-এড বোর্ড কর্তৃক নির্ধারিত) তালিকা নোটিশ বোর্ডে প্রদর্শণ করবেন । ভর্তির সময়ে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে উক্ত ফিস আদায়ের ছাপানো রশিদ প্রদান করা হবে। কোনক্রমেই এর অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।

১৫। ডেপুটেশন আদেশ প্রাপ্ত শিক্ষক শিক্ষিকাগণকে ১ জুন থেকে ১০ জুন (জুলাই-জুন সেশন) ১ ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর (জানুয়ারি-ডিসেম্বর সেশন) তারিখের মধ্যে নির্ধারিত ফিস জমা দিয়ে ভর্তি হতে হবে। ভর্তির পর শিক্ষক শিক্ষিকাগণ স্ব স্ব কর্মস্থলে কর্মরত থাকবেন এবং ৩০ জুন (জুলাই - জুন সেশন) ও ৩১ ডিসেম্বর (জানুয়ারি - ডিসেম্বর সেশন) অপরাহ্নে সংশ্লিষ্ট পিটিআইতে প্রশিক্ষণ গ্রহণের জন্য রিপোর্ট করবেন।

১৬। কোন পিটিআইয়ে প্রশিক্ষণার্থী ভর্তির নির্ধারিত কোটা পূরণ না হলে নিকটবর্তী বা অন্য কোন ক্যাচমেন্ট এলাকার জন্য নির্ধারিত কোটার অতিরিক্ত ভর্তিযোগ্য প্রশিক্ষণার্থী ঐ পিটিআইয়ে ভর্তি করা যাবে। একইভাবে কোন জেলার সংশ্লিষ্ট পিটিআইয়ের নির্ধারিত কোটার অতিরিক্ত ভর্তিযোগ্য প্রশিক্ষণার্থী নিকটবর্তী ক্যাচমেন্ট এলাকার অর্ন্তগত পিটিআইয়ে ভর্তি করা যাবে। এই বিষয়গুলো বিভাগীয় উপপরিচালকগণ ১০ জুন (জুলাই-জুন সেশন) এবং ১০ ডিসেম্বর (জানুয়ারি-ডিসেম্বর) এর পর সমন্বয়পূর্বক শূন্য আসন পূর্ণ করার ব্যবস্থা নিবেন।

১৭। যাদের বি.এড./এম.এড. প্রশিক্ষণ রয়েছে তাঁদেরকেও যথা নিয়মে সি-ইন-এড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।

১৮। সি-ইন-এড কোর্সে ভর্তি না হওয়ার যৌক্তিক কারণ থাকলে উক্ত শিক্ষককে ইউইও এর মাধ্যমে ডিপিইও এর নিকট ডেপুটেশন বাতিলের জন্য আবেদন করতে হবে। উক্ত আবেদন মঞ্জুর হলে তাকে ঐ তালিকা থেকে বাদ দিতে হবে এবং তার পরিবর্তে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষককে সি-ইন-এড কোর্সের জন্য মনোনয়ন দিতে হবে।

১৯। যৌক্তিক কারণে মনোনয়ন বাতিল হয়নি এমন কোন ডেপুটেশনপ্রাপ্ত শিক্ষক প্রশিক্ষণে যোগদান না করলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এরূপ ক্ষেত্রে বেসরকারি শিক্ষকগণের অনুদান বন্ধের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

২০। মনোনীত প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণে অংশ গ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

২১। এই নীতিমালার বিধানাবলী প্রয়োজনীয়তার নিরিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিবর্তনযোগ্য।

*বিশেষ নির্দেশনা: নীতিমালার ক্রমিক নং ১৭ থেকে ১৯-এর কার্যক্রম মহামান্য হাইকোর্ট কর্তৃক নিষেধাজ্ঞা থাকায় পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রয়োগ স্থগিত থাকবে।*

১৫.০৯.২০০৯

খোন্দকার মোঃ আসাদুজ্জামান
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
www.dpe.gov.bd
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৫.২১.৭৯

তারিখ: ৯ কার্তিক ১৪২৮
২৫ অক্টোবর ২০২১

বিষয়: **২০২২-২০২৩ সেশনে পিটিআই এ ডিপিএড প্রশিক্ষণার্থী ভর্তি/রেজিস্ট্রেশন প্রসঙ্গে।**

সূত্র: ৩৮.৪১৮.০০০০.১১৪.২০১০-৮২, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ সেশনে পিটিআইসমূহে ডিপিএড ও ২০২২ সেশনে সি-ইন-এড প্রশিক্ষণার্থী ভর্তি/রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য ৬৪ জেলা থেকে প্রাপ্ত ডিপিএড ও সি-ইন-এড প্রশিক্ষণবিহীন শিক্ষকগণের তথ্য সূত্রোক্ত স্মারকে প্রেরিত ছক মোতবেক ভর্তি কার্যক্রম শুরু করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। আন্তঃ জেলা/আন্তঃ বিভাগের পিটিআইতে শিক্ষক ডেপুটেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রস্তাবিত পিটিআই সুপারিনটেনডেন্ট এর সাথে যোগাযোগ করে আসন সংখ্যার ওপর ভিত্তি করে শিক্ষকগণকে প্রশিক্ষণের জন্য ডেপুটেশন প্রদান করবেন। এছাড়াও শিক্ষকগণকে ডেপুটেশনের ক্ষেত্রে চাকরির বয়স বিবেচনায়/ জ্যেষ্ঠতা তালিকা অনুসরণসহ ভর্তি সংক্রান্ত বিষয়ে নেপ প্রয়োজনীয় নীতিমালা/নির্দেশনা প্রদান করবে। উল্লেখ্য, ভর্তিকৃত শিক্ষকগণের সংখ্যার ওপর ভিত্তি করে শিফট সংখ্যা চূড়ান্ত করা হবে।

৩। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: (ডিপিএড) ও (সি-ইন-এড) তথ্য) - ০৪ পাতা।

২৫-১০-২০২১
ড. উত্তম কুমার দাশ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৫.২১.৭৯/১(১০০)

তারিখ: ৯ কার্তিক ১৪২৮
২৫ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
২) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)

অ:সহ:

২৫-১০-২০২১
ড. উত্তম কুমার দাশ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)